# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
**www.nanl.gov.bd**

স্মারক নং ৪৩.২৫.০০০০.০০৩.১১.১১৯.১৮-১৩৬

তারিখ : ১৩ মাঘ ১৪২৭ / ২৭ জানুয়ারি ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে শুধু অনলাইনে http://nanl.teletalk.com.bd দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | শুধু নিম্নবর্ণিত জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) ১২৫০০-৩০২৩০/- গ্রেড : ১১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, বগুড়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী, কুড়িগ্রাম, খুলনা, বাগেরহাট, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও শেরপুর।<br>**তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ২ | হিসাবরক্ষক ১১০০০-২৬৫৯০/- গ্রেড : ১৩ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। | |
| ৩ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- গ্রেড : ১৩ | অনূর্ধ্ব ৩০ বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ২টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে যথাক্রমে প্রতি মিনিট বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ সর্বনিম্ন গতি থাকতে হবে এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে গতি ইংরেজিতে ৩০ এবং বাংলায়-২৫ থাকতে হবে। | |
| ৪ | জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস) ১০২০০-২৪৬৮০/- গ্রেড : ১৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইতিহাস বা ইসলামের ইতিহাস বিষয়সহ স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। | |
| ৫ | জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি) ১০২০০-২৪৬৮০/- গ্রেড : ১৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৩টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রিসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় বেসিক ট্রেনিং থাকিতে হইবে। | |
| ৬ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/- গ্রেড : ১৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে যথাক্রমে প্রতি মিনিট বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ সর্বনিম্ন গতি থাকতে হবে এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে গতি ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ থাকতে হবে। | |
| ৭ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- গ্রেড : ১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ২টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিংয়ে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ থাকিতে হইবে। | |
| ৮ | ড্রাইভার ৯৩০০-২২৪৯০/- গ্রেড : ১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। | |
| ৯ | লিফট অপারেটর ৮৫০০-২০৫৭০/- গ্রেড : ১৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১টি | লিফট চালনায় ও সার্ভিসিং কাজে বাস্তব অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি উত্তীর্ণ। | ঢাকা, নরসিংদী, টাঙ্গাইল, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, বগুড়া, পাবনা, সিরাজগঞ্জ, রাজশাহী, নওগাঁ, নাটোর, রংপুর, নীলফামারী, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, ঝিনাইদহ, কুষ্টিয়া, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর ও নেত্রকোণা।<br>**তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ১০ | দপ্তরী ৮৫০০-২০৫৭০/- গ্রেড : ১৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৩টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | |
| ১১ | বুক সর্টার ৮৫০০-২০৫৭০/- গ্রেড : ১৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | |
| ১২ | রেকর্ড সর্টার ৮৫০০-২০৫৭০/- গ্রেড : ১৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | |
| ১৩ | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- গ্রেড : ২০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৪টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | |

শর্তাবলি

২। নিম্নবর্ণিত শর্তাবলি আবেদপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে :

**ক. আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের স্মারক নম্বর ৪৩.২৫.০০০০.০০৩.১১.১২৯.১৮.৫০৭, তারিখ : ০৭/০৫/২০১৯ খ্রি. মূলে বিগত ০৮/০৫/২০১৯ তারিখে 'সংবাদ' পত্রিকায় এবং ১৫/০৫/২০১৯ তারিখে 'দৈনিক বাংলাদেশ প্রতিদিন' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লেখিত 'জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস), জুনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি), সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, দপ্তরী, বুক সর্টার, রেকর্ড সর্টার, অফিস সহায়ক' পদে যারা ইতঃপূর্বে আবেদন করেছেন তাদের আবেদনপত্র গৃহীত হয়েছে। তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

খ. নিয়োগ বিজ্ঞপ্তিটি www.nanl.gov.bd এবং http://nanl.teletalk.com.bd তে পাওয়া যাবে।

গ. ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঘ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

ঙ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ. মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Formসহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

জ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঝ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ঞ. উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

ট. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি :

ক. আগ্রহী প্রার্থীগণ http://nanl.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদন পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

**i. online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১/০২/২০২১ খ্রি. সকাল ৯.০০টা।**

**ii. online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৮/০২/২০২১ খ্রি. বিকাল ৫.০০টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিবেন।**

খ. online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রম ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং একটি User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ১-৮নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ১২.০০ টাকা মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ৯-১৩নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ০৬.০০ (ছয়) টাকা মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা বাহাত্তর ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, 'online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: NANL<space>user ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NANL ABCDEF
Reply: Applicant's Name, Tk.112 will be charged as application fee. your PIN is xxxxxxxxxx To pay fee Type NANL<space>YES<space>PIN and send to 16222
দ্বিতীয় SMS: NANL<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: NANL YES XXXXXXXX Reply: Congratulations Applicant's Name, Payment Completed Successfully for NANL Application for xxxxxxxx user ID is (ABCDEF) and Password (********)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nanl.teletalk.com.bd অথবা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের website: www.nanl.gov.bd-এর নোটিশ বোর্ডে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত user ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ user ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।
i. user ID জানা থাকলে NANL<space>Help<space>User<space>User ID & send to 16222
Example: NANL HELP USER ABCDEF
ii. PIN Number জানা থাকলে NANL<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: NANL HELP PIN ********

ঝ. online আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা Vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

**তাহমিনা আক্তার**
উপপরিচালক (আরকাইভস)
ও
সদস্য সচিব
বিভাগীয় বাছাই ও নির্বাচন কমিটি

ডিজি-১৭৮/২১ (১৫"×৮)